

## HIGHER SECONDARY EXAMINATION 2008 BENGALI(Group-A)

১. যেকোন ২টি প্রশ্নের উত্তর দাওঃ  $৩ \times ২ = ৬$

- ১.১ “একথা আমার কাছে সোনার পাথর বাটি” - - - - ‘সোনার পাথরবাটি’ কথাটির অর্থ কি? উক্তিটির মাধ্যমে কোন প্রসঙ্গের প্রতি ইঙ্গিত করা হয়েছে?
- ১.২ “ এক পয়সার মুরোধ নেই , গর্বো কত” - - - - কে একথা বলেছে? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে?
- ১.৩ “ যানবাহনের নিয়ন্ত্রণ প্রসঙ্গে সামাজিক বাধা আসা স্বাভাবিক”- - - কী কারণে যানবাহনের নিয়ন্ত্রণের কথা উঠেছে? সামাজিক বাধা আসার সম্ভাবনা রইয়েছে কেন?

২. যেকোন ১টি প্রশ্নের উত্তর দাওঃ  $৯ \times ১ = ৯$

- ২.১ “ধর্ম মানুষকে মানুষের হাত থেকে বাঁচাতে পারেনি”- - - - ধর্ম মানুষের মধ্যে কীভাবে বিরোধ সৃষ্টি করেছে? মানুষের মধ্যে মিলন সেতু রচনার জন্য লেখক কোন উপায়ের কথা বলেছেন?
- ২.২ ‘শিল্পী’-গল্পের মদন তাঁতি চরিত্র টি সংক্ষেপে বিশ্লেষণ করো।
- ২.৩ শব্দের ‘আশীর্বাদ’ কাকে বলা হয় এবং ‘শব্দের অভিশাপ’ -এ বা কী? পাঠ্য প্রবন্ধ অবলম্বনে মানবজীবনে এই ‘আশীর্বাদ ও অভিশাপ’ এর গুরুত্ব বুঝিয়ে বলো।

৩. যেকোন ১টির ব্যাখ্যা দাওঃ  $৫ \times ১ = ৫$

- ৩.১ “মানুষের মধ্যে একটা সনাতন মেসবৃতি আছে” \_\_\_\_\_
- ৩.২ “আমার কথা শুনলে তাঁতও বজায় থাকত , নিজেরাও টিকত” \_\_\_\_\_
- ৩.৩ “ এ বলে আমায় দ্যাখ, ও বলে আমায়” \_\_\_\_\_

৪. যেকোন ২টি প্রশ্নের উত্তর দাওঃ  $৩ \times ২ = ৬$

- ৪.১ ‘ মন্দির করিয়া তোলে জীবনের মহামন্ত্রধ্বনি’ \_\_\_\_\_ ‘মহামন্ত্রধ্বনি’ বলতে কী বোঝায়? কাদের জীবন চর্চায় তার প্রকাশ ঘটে থাকে?
- ৪.২ ‘আমি তবু গাই শুধু প্রভাতের ভৈরবী’ \_\_\_\_\_ ‘প্রভাতের ভৈরবী’ বলতে কী বোঝায়? কবি এখানে কি অর্থে ব্যবহার করেছেন?
- ৪.৩ ‘ এ বয়স জেনো ভীরা, কাপুরুষ নয়’ \_\_\_\_\_ এখানে কোন বইয়ের কথা বলা হয়েছে? বাক্যটির তাৎপর্য বুঝিয়ে দাও।

৫. যেকোন ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৯x১=৯

৫.১ ‘অলস সময় ধারা বেয়ে

মন চলে শূন্য পানে চেয়ে,- - - কবির ‘সময় ধারা’ অলস কেন? তার মন ‘শূন্য পানে’ চেয়ে কী চেয়েছে? ‘মাটির পৃথিবী পানে আঁখি’ মেলে তিনি কোন সত্য অনুভব করতে পেরেছেন?

৫.২ ‘আমার কৈফিয়ত’ কবিতায় কবি স্বরাজ লাভের চেয়েও কোন বিষয়কে, কেন অধিক গুরুত্ব দিয়েছেন? তার লেখালেখির বিরুদ্ধে যে অভিযোগ উঠেছিল, তিনি তাতে কি প্রতিক্রিয়া জানিয়েছেন?

৫.৩ ‘বরং তাতেই একদিন রাস্তা ছাড়তে হয়’- - - - ‘তাতেই’ বলতে কাকে বোঝানো হয়েছে? কবিতাটি অবলম্বনে কবির এই বক্তব্যের তাতপর্য বুঝিয়ে দাও?

৬. ব্যাখ্যা লিখ যে কোন একটি ৫x১=৫

৬.১ জ্যোতিষলোকের গুহে রেখা মাত্র চিহ্ন রাখিব না

৬.২ যেন লেখা হয় আমার রক্ত লেখায় তাদের সর্বনাশা।

৬.৩ এ বয়সে কানে আসে কত মন্ত্রণা

৭. যেকোন ১টি প্রশ্নের উত্তর দাওঃ ১০x১=১০

৭.১ গুপ্তধন পেয়েও কোন পরিস্থিতিতে সন্ন্যাসী শংকরের মোহমুক্তি ঘটেছিল? তিনি মৃত্যুঞ্জয়ের মোহ মোচন করতে কী পন্থা অবলম্বন করেন?

৭.২ ‘একটি তুলসীগাছের কাহিনী’ গল্পে ‘হিন্দুয়ানির চিহ্ন’ দূর করার জন্য কী প্রয়াস চলেছিল? সাম্প্রদায়িকতার বিরুদ্ধে শেষ পর্যন্ত মানবিকতার জয় কিভাবে ঘোষিত হইয়েছিল?

৮. যেকোন ৩টি প্রশ্নের উত্তর দাওঃ ১x৩=৩

৮.১ ‘অগ্নিবীণা’ গ্রন্থটি কে রচনা করেন? ৮.২ তারাশংকরের দুটি উপন্যাসের নাম লিখ?

৮.৩ বনফুল কার ছদ্মনাম? তার একটি উপন্যাসের নাম লিখ? ৮.৪ ‘আরণ্যক’ গ্রন্থটি

কার রচনা? ৮.৫ ‘নবান্ন’ নাটকের রচনাকার কে?

৮.৬ ‘কল্লোল’ প্রত্রিকার

প্রথম সম্পাদকের নাম লেখ?

৯. যেকোন ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৬x২=১২

৯.১ প্রবণতা অনুসারে রবীন্দ্রকাব্যধার পর্ববিভাগ করো।

৯.২ শরৎচন্দ্রের চারটি উপন্যাসের নাম উল্লেখ করো। তার উপন্যাসের প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৯.৩ দ্বিজেন্দ্রলালের দুটি নাটকের নাম উল্লেখ করে বাংলা নাটকের ধারায় তাঁর কৃতিত্ব বিশ্লেষণ করো।

৯.৪ বনফুলের ছোট গল্পের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

১০. বাংলা পরিভাষা লিখ ১x৫=৫

১০।১ Adjoined Motion ১০।২ Archive ১০।৩ Brackish Water ১০।৪  
Corrigendum ১০।৫ Information Technology ১০।৬ Orientation ১০।৭  
Resource Person ১০।৮ Website

১১. প্রবন্ধ রচনা করো: ১৫x১=১৫

ক। সমাজজীবনে টেলিভিশনের প্রভাব খ। পশ্চিমঙ্গের শিল্প- সম্ভাবনা গ। সকলের  
জন্য শিক্ষা ঘ। একটি বর্ষার দিন ঙ। বিশ্ব- উষ্ণায়ন

১২. যেকোন ৩টি প্রশ্নের উত্তর দাও: ৪x১=১

১২.১ প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে কীভাবে বাংলা ভাষার উৎপত্তি হল, সংক্ষেপে  
লেখ।

১২.৩ আদিযুগের বাংলা ভাষার একটি এবং মধ্যযুগের বাংলা ভাষার তিনটি গ্রন্থের  
সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৩. যেকোন ১টি প্রশ্নের উত্তর দাও: ৪x১=৪

১৩.১ বাংলা চলিত গদ্যের বৈশিষ্ট্য গুলি উদাহরণ সহ লেখ।

১৩.২ রাঢ়ী উপভাষার প্রধান বৈশিষ্ট্য গুলি উল্লেখ করো।

১৪. যেকোন ২টি প্রশ্নের উত্তর দাও: ১x২=২

১৪.১ ভারতের ভাষাবংশের নাম গুলি লেখ।

১৪.২ নব্যভারতীয় আর্যভাষার অন্তর্গত বাংলা ভাষা ছাড়া অন্য দুটি ভাষার নাম লেখ।

১৪.৩ বঙ্গালী উপভাষার উদাহরণ সহ একটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

১৪.৪ কোচবিহার জেলায় বাংলার কোন উপভাষার প্রচলন রয়েছে?

১৫. যেকোন ১টি প্রশ্নের উত্তর দাও: ৫x১=৫

১৫.১ মিশ্রবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য সংক্ষেপে লেখ।

১৫.২ নিম্ন লিখিত উদাহরণটির ছন্দলিপি বা ছন্দবিভাগ করো:

আমায় যদি হঠাৎ কোনো ছলে  
কেউ করে দেয় আজকে রাতের রাজা ,  
করি গোটা কয়েক আইন জারি  
দু- এক জনায় খুব কষে দিই সাজা।